# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

========================================================

(১) ডিমা হাসাও জেলার উমরাংশু'র কয়লা খনিতে আটকে থাকা শ্রমিকদের উদ্ধারের জন্য অভিযান অব্যাহত/ রাজ্যের খনি মন্ত্রী কৌশিক রাই ঘটনাস্থলে উপস্থিত/

(২) নেপাল ও তিব্বতে আজ সকালে ৭ দশমিক ১ প্রাবল্যেওর ভূমিকম্পে নিহতের সংখ্যা একশো হওয়ার আশঙ্কা/ আসামেও আজ সকালে ভূকম্পন অনুভূত/

(৩) করিমগঞ্জ সহ রাজ্যের এগারোটি জেলার ১৬ হাজার সরকারী বিদ্যালয়ের ১৪ লক্ষেরও বেশি ছাত্রছাত্রীকে নিয়ে চলা প্রথম পর্যায়ের গুণোৎসবের আজ থেকে বর্হিমূল্যায়ন/

এবং

(৪) ভারতীয় পুলিশ সেবার অবসরপ্রাপ্ত প্রবীণ আধিকারিক দেবরাজ উপাধ্যায়কে আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ নিযুক্তি/

--------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার উমরাংশু'র কয়লা খনিতে গতকাল সকাল থেকে আটকে পড়া শ্রমিকদের উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে । জাতীয় দুর্যোগ প্রশমন বাহিনীর ত্রিশ জনের এবং রাজ্য দুর্যোগ প্রশমন বাহিনীর আটজনের দল সহ নৌসেনার ডুবুরীরা উদ্ধার অভিযান পূর্ণগতিতে চালিয়ে যাচ্ছেন । এই উদ্ধার অভিযানে নিয়োজিত দলের পক্ষ

থেকে জানানো হয়েছে যে- খনিটির ভেতরের জল প্রায় একশো ফুট বৃদ্ধি পেয়েছে । এদিকে এই ঘটনার তদন্তের জন্য পুলিশ খনি এবং খনিজ আইন-১৯৫৭'র অধীনে উম্রাংশু পুলিশ থানায় একটি এজাহার দাখিল করেছে । এই ঘটনা সংক্রান্ত বিষয়ে পুলিশ ইতিমধ্যে একজন লোককে আটক করেছে। উল্লেখ্য- এই কয়লা খনিতে কয়লা সংগ্রহের কাজে নিয়োজিত ২৭জন শ্রমিক গতকাল সকালে বাইরে থেকে হঠাৎ ঢুকে পড়া জলে আটকে পড়ে । এরমধ্যে ১৮ জন শ্রমিক কোনোরকমে বাইরে বেরিয়ে এসে প্রাণরক্ষা করতে সমর্থ হলেও অন্য ন'জন শ্রমিক খনির ভেতরে আটকে পড়ে । ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে অগ্নি নির্বাপক বাহিনীর দল ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান আরম্ভ করে । তবে বেশকয়েক মিটার গভীর জলের তলায় আটকে পড়া শ্রমিকদের জীবিত অবস্থায় উদ্ধারের সম্ভাবনা প্রায় নির্বাপিত হয়েছে । স্মরণ করা যেতে পারে যে- ২০১৪ সালে জাতীয় সবুজ ন্যায়াধিকরণের নিষেধাজ্ঞা আরোপ করার পরও কোনো কোনো স্থানে সরু সরু গর্ত খুঁড়ে এর ভেতরে প্রবেশ করে কয়লা সংগ্রহের জন্য অবৈধ খনন কার্য এখনও অব্যাহত রয়েছে। এবং এধরণের কাজের জন্যে রাজ্যের বিভিন্ন খনিতে এর আগেও বেশকয়েকজন প্রাণ হারিয়েছেন । এদিকে রাজ্যের খনি ও খনিজ দ্রব্য বিভাগের মন্ত্রী কৌশিক রাই, এই বিভাগের উচ্চপদস্থ আধিকারিক, ডিমা হাসাও জেলার আয়ুক্ত, পুলিশ সুপার সহ অন্যান্যরা ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার অভিযান তদারক করছেন । আটকে পড়া শ্রমিকদের পরিবারবর্গও সেখানে উপস্থিত হয়েছেন । আজ বিকেল পাঁচটা নাগাদ ভারতীয় নৌ বাহিনীর একটি দল বিশাখাপত্তনম থেকে এসে পৌঁছেছেন । এবং তারা উদ্ধারকারী দলের সঙ্গে সংযোগ রেখে কাজে নেমে পড়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

নেপাল এবং তিব্বতে আজ সকালে হওয়া রিক্টার স্কেলের সাত দশমিক এক প্রাবল্যের ভূমিকম্পের ফলে নিহতের সংখ্যা একশো হয়ে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে । নেপালের সরকারী সূত্রে জানানো হয়েছে যে- কাঠমান্ডুর থেকে প্রায় ২৮০ কিলোমিটার উত্তর দিকে এবং এভারেস্ট শৃঙ্গের থেকে প্রায় ৯০ কিলোমিটার দূরত্বে অভিকেন্দ্র থাকা এই ভূমিকম্পের ক্ষয়ক্ষতির সম্পূর্ণ তথ্য এখন পর্যন্ত পাওয়া না যাওয়ায় সরকারীভাবে নিহতের সংখ্যা অনুমান করা সম্ভব হচ্ছে না । তবে চিনের সরকারী নিউজ সংস্থা ঝিনহুয়া'র খবর অনুযায়ী তিব্বতে নিহত লোকের সংখ্যা ৫৩য় পৌঁছে গেছে । এই ভূমিকম্পের ফলে ভূটান থেকেও জীবন ও সম্পত্তির ক্ষয়ক্ষতির খবর পাওয়া যাচ্ছে । উল্লেখ্য- উত্তর এবং উত্তর-পূর্ব ভারতে আজ সকাল প্রায় ছ'টা ৩৫ মিনিটে ভূকম্পন অনুভুত হয়েছে । তিব্বতের ঝিয়াং নামক স্থানে উৎপত্তি হওয়া এই ভূমিকম্প ভারতের সিকিম, বিহার এবং উত্তর বঙ্গের বিভিন্ন স্থানের সঙ্গে আসামেও অনুভূত হয়েছে ।

স্মরণ করা যেতে পারে যে- ২০১৫ সালের এপ্রিল মাসে নেপালে হওয়া সাত দশমিক আট প্রাবল্যের প্রচন্ড ভূমিকম্পে প্রায় ন'হাজার লোক প্রাণ হারান এবং কুড়ি হাজারেরও বেশি লোক আহত হয়েছিলেন ।

---

রাজ্যের ১১ টি জেলার ১৬ হাজার সরকারী স্কুলের ১৪ লক্ষ শিক্ষার্থীকে অর্ন্তভুক্ত করে তথা স্কুল সমুহের মান উন্নয়নের জন্য আরম্ভ করা গুণোৎসব ২০২৫'র প্রথম পর্যায়ের আজ দ্বিতীয় দিনে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু লক্ষিমপুর জেলার পদ্মনাথ গোঁহাইবরুয়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে কার্যসূচী খতিয়ে দেখেন ।আগামী ৭ ফেব্রুয়ারী পর্যন্ত তিনটি পর্যায়ে আয়োজিত এই গুণোৎসবে রাজ্যের শিক্ষা খন্ডের গুণগত মান নিশ্চিত করার প্রয়াস করা হচ্ছে বলে শিক্ষামন্ত্রী মন্তব্য করেন । এই কার্যসূচীর অংশ হিসেবে আজ স্কুলগুলোর বর্হিমূল্যায়ন করা হয়েছে ।দক্ষিণ শালমারা মানকাচার জেলার ১৩৯ টি স্কুলের ১৯ হাজার ২৮৫ জন শিক্ষার্থীর এই পর্যায়ে বর্হিমূলায়ন করা হয়েছে । শিবসাগর জেলার ১ হাজার ২৪১ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৭০ হাজারেরও বেশী শিক্ষার্থীর আজ বর্হিমূল্যায়ন করা হয় ।

---

শ্রীভূমি জেলার ৬১৭টি বিদ্যালয়ে গুনোৎসব অনুষ্ঠিত হচ্ছে । এবারের গুনোৎসবে জেলার ২১৪ জন সহ মোট ৬২৯ জন বর্হি মূল্যায়কের দায়িত্ব পালন করছেন । এছাড়া রাজ্য পর্য্যায়ে দু জন বর্হি মূল্যায়কের দায়িত্ব পালন করছেন ।

---

রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ একজন শিক্ষক থাকা অথবা একজনও শিক্ষক না থাকা বিদ্যালয়গুলিতে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় শিক্ষক নিযুক্তি দিতে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক এবং বিদ্যালয় পরিদর্শককে নির্দেশ দিয়েছে । জেলা আয়ুক্তের অনুমোদন অনুসারে জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক অথবা বিদ্যালয় পরিদর্শকগণ এধরণের বিদ্যালয়গুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষক নিযুক্তি দিতে পারবেন বলে বিদ্যালয় শিক্ষা বিভাগের এক নির্দেশে জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা দুদিনের আসাম সফরে আজ রাতে গুয়াহাটীতে পৌঁছোবেন । তিনি আজ রাতটি গুয়াহাটীর কইনাধারার রাজ্য অতিথিথালায় কাটিয়ে আগামীকা সকালে তেজপুরের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।এরপর তিনি মঙ্গলদৈ এসে বেলা ১২ টায় মঙ্গলদৈ অসামরিক হাসপাতালে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।এরপর কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা দরং কর্কট কেন্দ্র ,

গেরিমারীতে নির্মীয়মান আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয় এবং ১৫ নম্বর জাতীয় সড়কের চারলেন যুক্ত বাইপাসের নির্মানকাজ পরিদর্শন করবেন ।শ্রী নাড্ডা আগামীকাল সিপাঝার অসামরিক হাতপাতালও পরিদর্শন করবেন এরপর তিনি মঙ্গলদৈ জেলা আযুক্তের সভাকক্ষে জেলার শীর্ষ আধিকারীকদের সঙ্গে বিভিন্ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করবেন ।শ্রী নাড্ডা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ,দরং -ওদালগুরির সাংসদ দিলীপ শইকিয়া সহ বেশ কয়েকজন বিধায়কের সঙ্গে মিলিত হবেন বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান দপ্তরের মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া আজ বলেছেন যে- অসংগঠিত ক্ষেত্রের গড়ে ত্রিশ হাজারেরও বেশি শ্রমিকের দৈনিক ই-শ্রম পোর্টালে নাম পঞ্জীয়ন হয় । নতুনদিল্লিতে ই-শ্রম পোর্টালের বহুভাষিক কাজের সূচনা করে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন । শ্রী মান্ডভিয়া বলেন যে- এই পোর্টালে নাম পঞ্জীয়নের মাধ্যমে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত প্রকল্পে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের অর্ন্তভুক্তির বিষয়টি সহজ হয়ে পড়ে ।

---------------------------------------------------------------------------------------

দেশের কয়েকটি রাজ্যে হিউমেন মেটানিউমো ভাইরাস -এইচ এম পি ভি তে আক্রান্ত লোক শনাক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য মন্ত্রনালয় ব্যাপক সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে ।এদিকে স্বাস্থ্য বিশেষজ্ঞরা এইচ এম পি ভি কোন নতুন ভাইরাস নয় বলে স্পষ্ট করে দিয়েছেন ।কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা এই সম্পর্কে এক ভিডিও বার্তায় বলেন যে ২০০১ সালে প্রথমবার এই ভাইরাস শনাক্ত করা হয়েছিল ।এবং তখন থেকে সমগ্র বিশ্বে কম বেশী পরিমানে এই ভাইরাসের প্রাদুর্ভাব রয়েছে ।তিনি বলেন যে এইচ এম পি ভি শ্বাস প্রশ্বাসের মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করে এবং যেকোন বয়সের লোক এই ভাইরাসের দ্বারা আক্রান্ত হতে পারে ।দেশের স্বাস্থ্য ব্যবস্থা যেকোন ধরণের প্রত্যাহ্বানের সম্মুখীন হতে প্রস্তুত বলেও কেন্দ্রীয় মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় পুলিশ সেবার অবসরপ্রাপ প্রবীণ আধিকারিক দেবরাজ উপাধ্যায়কে আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । রাজ্যপালের অনুমোদনক্রমে আজ আসাম সরকারের কর্মচারী প্রশাসন বিভাগ এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে । উল্লেখ্য- ভারত ভূষণ দেবচৌধুরী অবসর গ্রহণের পর থেকে লোকসেবা আয়োগের অধ্যক্ষের পদটি শূন্য ছিল । উল্লেখ্য- ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত

দুজন আধিকারিক মৃগেশ নারায়ণ বড়ুয়া এবং ভাস্কর ফুকন বর্তমানে আসাম লোকসেবা আয়োগের সদস্য হিসেবে কার্য নির্বাহ করছেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা কৃষি বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার জনজাতী সম্প্রদায়ের কৃষকদের জন্য 'ধরতী আবা জনজাতিয় গ্রাম উৎকর্ষ অভিযান' শীর্ষক প্রকল্পের অধীনে ৯০ শতাংশ রেহাই মূল্যে পাঁচটি পাওয়ার টিলার , পাঁচটি পাওয়ার পেডি থ্রেশার এবং ৬৮টি পাওয়ার উইডার বরাদ্দ করা হয়েছে । এই প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য বন অধিকার আইন ( এফ আর এ)'র অর্ন্তভুক্ত জনজাতি কৃষকদেরই যোগ্য বলে বিবেচনা করা হবে । ইচ্ছুক জনজাতী কৃষকদের আগামী ২০শে জানুয়ারীর মধ্যে আবেদন করতে বলা হয়েছে । বিশদ বিবরণের জন্য জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার উধারবন্দ শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে উধারবন্দ বিধানসভা কেন্দ্রের ৮টি মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের অধীনে পাঁচ জন অঙ্গনওয়াড়ি কর্মী ও তিনজন অঙ্গনওয়াড়ি সহায়িকা হিসেবে স্বেচ্ছাসেবী পরিষেবা দেওয়ার জন্য যোগ্য প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । ইচ্ছুক প্রার্থীরা আগামী ২২শে জানুয়ারীর মধ্যে নির্ধারিত ফর্ম পূরণ করে আবেদন করতে পারবেন । বিশদ বিবরণ উধারবন্দের শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাচ্ছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জিলা স্বাধীনতা সংগ্রামী সম্মিলনীর উদ্যোগে আগামী ১১ই জানুয়ারী শিলচরের বরাক হিন্দী সাহিত্য সমিতির কেন্দ্রীয় হলে জেলার স্বাধীনতা সংগ্রামী পরিবারের সদস্যদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করতে একটি সভার আহ্বান করা হয়েছে । সভায় অসম রাজ্য স্বাধীনতা সম্মিলনীর সভাপতি পুনেশ্বর দুয়ারা এবং সাধারণ সম্পাদক দ্বীজেন্দ্র মোহন  শর্মা সহ ৮ জনের একটি প্রতিনিধি দল উপস্থিত থাকবে ।

-------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালি ভিউ-এর ব্যবস্থাপনায় আগামী ১৩ই জানুয়ারী ডলু চা বাগান হাসপাতালে বিনামূল্যে এক চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা পরিবহন বিভাগ ও স্বেচ্ছাসেবী সংগঠন নেতাজী ছাত্র যুব সংঘের যৌথ উদ্যোগে  জাতীয় সড়ক সুরক্ষা মাস উপলক্ষে গতকাল কালাইনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা

শিবির অনুষ্ঠিত হয়েছে । জেলা পরিবহন আধিকারিক রমেশ শ্যাম চক্ষু পরীক্ষা শিবিরের উদ্বোধন করেন । শিবিরে ৭০ জনের চোখ পরীক্ষা করে ৪০ জনকে উন্নত চিকিৎসার জন্য পাঠানোর ব্যবস্থা করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------